

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৯৩(আগরতলা, ১২।১০)
উদয়পুর, ১২ অক্টোবর, ২০১৭

উদয়পুরে আগামীকাল নারী শক্তির মহামিলন উৎসব

গোমতী জেলার মহিলা দল এবং গ্রামীণ সংগঠনের পক্ষ থেকে প্রথম নারী শক্তির মহামিলন উৎসব “ য়াপ্রি বাকসা” আগামীকাল বেলা ১২টায় উদয়পুর কে বি আই মাঠে অনুষ্ঠিত হবে। গোমতী জেলার স্ব-সহায়ক দলগুলির গ্রামীণ সংগঠন, ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের সহায়তায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই অনুষ্ঠানের উদ্বোধন করবেন গ্রামোন্নয়ন মন্ত্রী নরেশ জমাতিয়া। প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন পর্যটন মন্ত্রী রতন ভৌমিক। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিধায়ক মাধব সাহা, বিধায়ক প্রণজিৎ সিংহ রায়, বিধায়ক পরিমল দেবনাথ, গোমতী জিলা পরিষদের সহকারী সভাপতি দীনবন্ধু দাস প্রমুখ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন টি আর এল এম মুখ্য কার্যনির্বাহী আধিকারিক অরুণ রতন শর্মা ও গোমতী জেলার অতিরিক্ত জেলা শাসক অনিমেস দাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন গোমতী জিলা পরিষদের সভাপতি সুনীতি সাহা। এই অনুষ্ঠান শুরু হওয়ার আগে এক বর্ণাঢ্য পদযাত্রা উদয়পুর শহরের বিভিন্ন পথ পরিক্রমা করবে। উদ্বোধনী অনুষ্ঠানের পরে বিগত তিন বছরের মহিলা স্ব-সহায়ক দল ও গ্রামীণ সংগঠনের পথ চলার অভিজ্ঞতার বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হবে। সব শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

উল্লেখ্য, গোমতী জেলার ৪টি ব্লকের ১২৪৮টি স্ব-সহায়ক দলের ৬ হাজার প্রতিনিধি এই উৎসবে অংশ গ্রহণ করবেন।

D.N